



BCPS

# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং- আরটিএম-৭১২/২০২৫/২৪৫৪৮

১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

প্রতি,

অধ্যক্ষ/রেজিস্ট্রার/পরিচালক/তত্ত্বাবধায়ক,

**বিষয়ঃ বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর eLogbook সফটওয়্যারে  
প্রশিক্ষক/সুপারভাইজার ও প্রশিক্ষার্থীগণের রেজিস্ট্রেশন ও ব্যবহার করা প্রসঙ্গে।**

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস) তাদের প্রশিক্ষণ কার্যক্রম সুচারুভাবে করার লক্ষ্যে eLogbook সম্পন্ন করেছে যা এফসিপিএস ডিগ্রীর আন্তর্জাতিক স্বীকৃতির একটি ধাপ পূরণ করবে। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের প্রশিক্ষক/সুপারভাইজারগণ ও জানুয়ারি ২০২৫ সেশনে এফসিপিএস ১ম পর্ব পাসকৃত সকল বিষয়ের প্রশিক্ষার্থীগণকে eLogbook Portal এ (<https://eportal.bcps.edu.bd/login>) রেজিস্ট্রেশন করতে হবে। উক্ত eLogbook সফটওয়্যারের আওতায় লগবুকসহ সকল বাধ্যতামূলক প্রশিক্ষণ ও ওয়ার্কশপ, পারিতোষিক/ভাতা, প্রটোকল, থিসিস/ডিজার্টেশন, গাইড ও কো-গাইড ম্যানেজমেন্ট এবং সুপারভাইজার রেজিস্ট্রেশন ও মনিটরিং সংক্রান্ত সকল কার্যক্রম অন্তর্ভুক্ত।

উল্লেখ্য যে, বর্তমানে e-Logbook-এ ০৪ টি Subject (Medicine & allied, Surgery & allied, Obst. and Gynae & allied, Paediatrics & allied) এর Core ট্রেনিংয়ের Logbook কার্যক্রম চলমান রয়েছে। যেখানে প্রশিক্ষক/সুপারভাইজার ও প্রশিক্ষার্থীগণ তাদের লগবুকের সকল তথ্যাবলী হালনাগাদ করবে এবং পর্যায়ক্রমে বাকি Subject গুলো উক্ত সফটওয়্যারে অন্তর্ভুক্ত করা হবে। বর্তমানে e-Logbook-এ প্রশিক্ষক/সুপারভাইজার ও প্রশিক্ষার্থীগণের রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যের জন্য ভিজিট করুন (<https://bcps.edu.bd/eportal.php>) অথবা ইমেইল নং- [bcpselogbook@gmail.com](mailto:bcpselogbook@gmail.com) এ যোগাযোগ করুন।

বিষয়টি সকল বিভাগীয় প্রধান, প্রশিক্ষক ও প্রশিক্ষার্থীদের অবগতি পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

(অধ্যাপক ডাঃ মোঃ নূর হোসেন ভূঁইয়া)

অনারারি পরিচালক (আরটিএম)

বিসিপিএস।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)

সচিব

বিসিপিএস।

অনুলিপি:-

১. অধ্যক্ষ/রেজিস্ট্রার/পরিচালক/তত্ত্বাবধায়ক,.....
২. বিভাগীয় প্রধান .....
৩. অফিস কপি।